



DEPP INNOVATION LAB BANGLADESH এর উদ্বোধনী অনুষ্ঠান

দুর্যোগকালীন সময়ে জনসাধারণের প্রস্তুতির জন্য নতুন সমাধান খোঁজা

[ঢাকা, ১৭ অক্টোবর, ২০১৭] আজ রাজধানী ঢাকায়, দেশের স্বনামধন্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়ে গেল **DEPP Innovation Lab Bangladesh** এর আড়ম্বরপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠান।

উক্ত আয়োজনে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী রাশেদ খান মেনন এম.পি. বলেন, “আমরা সবসময় এরকম বিশাল উদ্যোগের সাথে আছি। বাংলাদেশে যেভাবে দুর্যোগের ঝুঁকি বেড়ে চলেছে তাতে জনগোষ্ঠীর প্রস্তুতি ও স্থিতিশীলতা বৃদ্ধিতে নতুন সমাধান অত্যাবশ্যিক”।

দ্রুত নগরায়ণ, জনসংখ্যা বৃদ্ধি এবং দুর্যোগপ্রবণতার দিক থেকে দক্ষিণ এশিয়া বিভিন্ন ঝুঁকির সম্মুখীন। বাংলাদেশের জন্য, বিশেষ করে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি কেবল এই চ্যালেঞ্জকেই বাড়িয়ে তুলেছে। নিরাপদ জনগোষ্ঠী গড়তে ল্যাব এই প্রয়োজনগুলি মোকাবেলা করার জন্য বিভিন্ন ধ্যান-ধারণা ও সহায়তা প্রদানের চেষ্টা করে। জরুরী স্বাস্থ্য ও নির্মাণ পরিবেশের উপর লক্ষ্য রেখেই **DEPP Innovation Lab Bangladesh** উক্ত সমাধানের নিরীক্ষণ ও উন্নয়ন সাধন করবে যা দুর্যোগপ্রবণ জনগোষ্ঠীর উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এই ল্যাবটি ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট (বাংলাদেশী কমিউনিটি হাসপাতাল এবং মেডিকেল কলেজ) এবং অংশীদারদের একটি সংস্থার দ্বারা আয়োজিত।

প্রফেসর, ডঃ কাজী কামরুজ্জামান, চেয়ারম্যান, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট, বলেন “বৈশ্বিকভাবে যে জনগোষ্ঠী অরক্ষিতভাবে চিহ্নিত তাদেরকে নিয়েই ল্যাব কাজ করবে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি এবং ঝুঁকিহ্রাসের জন্য এটি একটি সম্পূর্ণ নতুন চিন্তাধারা। আমরা বিশ্বাস করি, দুর্যোগ মোকাবেলার জন্য এই অঞ্চলের যথেষ্ট দক্ষতা রয়েছে এবং এই দক্ষতাকে চিহ্নিত করে তা সুপরিকল্পিতভাবে ব্যবহার ও উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এই নতুন ধারা স্থানীয় জনগোষ্ঠীকে শুধু মাত্র সাহায্যই করবে না, এটি বিশ্বের অন্যান্য দেশগুলোতেও প্রবর্তন করে তাদের সমস্যার সমাধানে ভূমিকা রাখবে।”

দুর্যোগ আক্রান্ত এলাকায় দুর্যোগ মোকাবেলার জন্য মানুষের মধ্যে সহমর্মিতা জাগিয়ে তুলতে ল্যাব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এই কর্মসূচী বাস্তবায়নে “ইউ কে এইড” আর্থিক সহায়তা প্রদান করছে। এই কর্মসূচীর ব্য বস্বাপনার দায়িত্বে আছে “সি.ডি.এ.সি.” এবং “স্টার্ট নেটওয়ার্ক”।

DEPP Innovation Program Manager, নীল টাউন্সেন্ড মন্তব্য করেন যে, পরিবর্তন আনার জন্য এটি একটি সার্থক কর্মসূচী। স্থানীয় জনগোষ্ঠীর দ্বারা তাদের সমস্যা মোকাবেলার জন্য এটি সার্থক পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে।

বিস্তারিত জানতে অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন: মোঃ গোলাম মোস্তফা, পরিচালক, প্রজেক্ট ও রিসার্চ, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট। ইমেইল: dcht87@gmail.com; mostofa07@gmail.com